[redacted]

[redacted]

[redacted]

[redacted]

জোড়াতালি দিয়ে চলছে বিসিবি: ক্রীড়া উপদেষ্টা

গত ৫ আগস্ট সরকার পতনের পর রদবদল হয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ডে (বিসিবি)। সভাপতিসহ বেশ কয়েকটি পদে এসেছে পরিবর্তন। এখনও শূন্য রয়েছে বেশ কয়েকটি পরিচালকের পদ। এতে বিসিবির কার্যক্রম জোড়াতালি দিয়ে চলছে বলে মন্তব্য করেছিলেন সাবেক অধিনায়ক আমিনুল ইসলাম বুলবুল। তার সেই মন্তব্যের সঙ্গে সহমত পোষণ করেছেন যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ।

রোববার (১৭ নভেম্বর) যুব ও ক্রীড়া এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের গত ১০০ দিনের কার্যক্রম নিয়ে সচিবালয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে ক্রীড়া উপদেষ্টা বলেন, ‘বিসিবি জোড়াতালি দিয়ে চলছে। যখন দায়িত্ব নেই, তখন বিসিবির লোকজনকে খুঁজেই পাওয়া যাচ্ছিল না। নতুন পরিচালক নিয়োগের মাধ্যমে স্থবিরতা কাটানোর চেষ্টা চলছে।’

তিনি আরও বলেন, ‘প্রতিটি ফেডারেশনের জবাবদিহি নিশ্চিতে প্রতি বছর কার্যক্রমের রিপোর্ট ও অডিট রিপোর্ট দেওয়া হবে। কেউ যদি দুর্নীতি করে সেটাও খতিয়ে দেখা হবে। তবে ফুটবলসহ বেশ কিছু ফেডারেশন স্বায়ত্তশাসিত। তাই সেখানে সরকারের হস্তক্ষেপের সুযোগ নেই।’

ফেডারেশনের পুনর্গঠন প্রক্রিয়া চলমান আছে উল্লেখ করে ক্রীড়া উপদেষ্টা বলেন, ‘বিভিন্ন কমিটি নিয়ে যে অভিযোগ আছে, তা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়া হচ্ছে। যেখানে স্থবিরতা আছে, সেখানে নতুন কমিটি করে সংকট সমাধানের চেষ্টা করা হচ্ছে।’

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[

দাঁড়াবে পাকিস্তান। এদিকে চ্যাম্পিয়নস ট্রফির দুই বারের চ্যাম্পিয়ন ভারতকে ছাড়াও যে টুর্নামেন্ট আয়োজন করা সম্ভব সেই বিষয়ে শক্তিশালী উদাহরণও হাতে রেখেছে পিসিবি। উদাহরণস্বরূপ তারা দুটি বিশ্বকাপকে সামনে আনতে পারে বলে শোনা যাচ্ছে। সেগুলো হলো ১৯৯৬ এবং ২০০৩ আইসিসি ক্রিকেট বিশ্বকাপ। ১৯৯৬ সালের বিশ্বকাপে অস্ট্রেলিয়া ও ওয়েস্ট ইন্ডিজ নিরাপত্তাজনিত কারণে শ্রীলঙ্কায় না খেলার সিদ্ধান্ত নেয়, তবুও আইসিসি আয়োজক দেশ পরিবর্তনের পরিবর্তে তাদের প্রতিপক্ষকে পয়েন্ট প্রদান করে।

একইভাবে, ২০০৩ সালে নিউজিল্যান্ড ও ইংল্যান্ড যথাক্রমে কেনিয়া ও জিম্বাবুয়েতে না খেলার সিদ্ধান্ত নেয়। ঐবারও একই ভাবে ম্যাচের পয়েন্ট প্রতিপক্ষকে দিয়ে দেয় আইসিসি। এই উদাহরণগুলোই আইসিসির সামনে দাঁড় করাবে এবার পিসিবি যাতে ভারতকে বাদ দিয়েও টুর্নামেন্ট আয়োজনে আইসিসি কোনো প্রশ্ন দাঁড় না করাতে পারে পিসিবির সামনে।

এখানেই শেষ নয়, শেষ পর্যন্ত যদি ভারত এলেও চ্যাম্পিয়নস ট্রফিতে খেলতে না যায় তাহলে ভবিষ্যতে ভারতের সঙ্গে যে কোনো মঞ্চে ক্রিকেট ম্যাচ না খেলার অবস্থান নিতে যাচ্ছে পাকিস্তান। এ নিয়ে দেশটির সরকারের অবস্থান বিষয়ে ধারণা দেওয়া হয়েছে, এমন ব্যক্তিদের একজন পাকিস্তানের সংবাদমাধ্যম এক্সপ্রেস ট্রিবিউন বলে, ‘কোনো টুর্নামেন্টেই আমরা ভারতের সঙ্গে খেলব না, যতক্ষণ না ওরা পাকিস্তানে এসে খেলতে চাইবে।’

যদিও ভারতকে বাদ দিয়ে টুর্নামেন্ট আয়োজন করলে ব্যাপক লসের মুখে পড়তে হতে পারে পাকিস্তানকে। কেননা সম্প্রচার স্বত্বসহ আইসিসির আয়ের বড় অংশই আসে ভারতের বাজার থেকে। তবে পিসিবির মতে ভারতের সঙ্গে ম্যাচ বয়কট করলে ক্ষতি শুধু পাকিস্তানেরই হবে না, ভারতেরও হবে। যে কোনো টুর্নামেন্টে উত্তেজনার পারদ বাড়াতে ভারত-পাকিস্তান ম্যাচই মুখ্য ভূমিকা রাখে। কিন্তু তাদের সিদ্ধান্তে বারবার অনড় থাকবে আর পিসিবি বারবার নরম হয়ে তাদের সিদ্ধান্ত মেনে নেবে তা হতে পারে না। এর আগে সবশেষ ২০১৭ সালে অনুষ্ঠিত হয় চ্যাম্পিয়নস ট্রফি। ঐ আসরের আয়োজক ছিল ইংল্যান্ড ও ওয়েলস। ফাইনাল খেলেছিল ভারত-পাকিস্তান। যেখানে দুই বারের চ্যাম্পিয়নদের হারিয়ে নিজেদের প্রথম শিরোপা জেতে পাকিস্তান।

সূত্র: ইত্তেফাক

[redacted]

[redacted]

ওয়ানডে থেকে তো বটেই, অভিজ্ঞ এই ব্যাটসম্যানকে ছিটকে দিয়েছে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে টেস্ট সিরিজ থেকেই। মুশফিকের পর নাজমুল-ওয়েস্ট ইন্ডিজে পূর্ণাঙ্গ সিরিজের আগে তিন ওয়ানডের ছোট্ট আফগানিস্তান সিরিজে একটু বেশিই বোধ হয় মূল্য দিতে হলো বাংলাদেশ দলকে।

সূত্র: ইত্তেফাক

চুয়াডাঙ্গায় আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা: চ্যাম্পিয়ন ইতিহাস বিভাগ

চুয়াডাঙ্গা সরকারি কলেজের আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল সাড়ে দশটায় চুয়াডাঙ্গা সরকারি কলেজ মাঠ প্রাঙ্গণে এ টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা সরকারি কলেজ কৃষিশিক্ষা বিভাগের বিভাগীয় প্রধান ও আন্তঃবিভাগ ফুটবল টুর্নামেন্টের আহবায়ক সহযোগী অধ্যাপক রুহুল আমিনের সভাপতিত্বে টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড.এ কে এম সাইফুর রশীদ।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন জয়-পরাজয় মিলেই খেলাধুলা। এটা মেনে নিয়ে এগিয়ে যাওয়ার মানসিকতা তৈরি করতে অত্যন্ত জরুরী। খেলাধুলা শারীরিক গঠন, মানসিক বিকাশ ও নেতৃত্ব গড়ে তুলতে সহায়তা করে। তাই লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা একান্তভাবে জরুরী। তিনি বিজয়ী, বিজিত ও খেলায় অংশগ্রহণকারী- সবাইকে অভিনন্দন জানান।

এ সময় তিনি আরও বলেন, আগামী স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট নাগরিকের পাশাপাশি স্মার্ট খেলোয়াড় দরকার। তাই বেশি বেশি খেলার

[redacted]

[redacted]

[redacted]

[

ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠিত

দর্শনায় শহীদ আবু সাঈদ টি-টেন ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (৮ নভেম্বর) বিকাল ৩টায় দর্শনা কলেজ মাঠে শহীদ আবু সাঈদ ক্রিকেট টুনার্মেন্ট অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক ও সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, নাহারুল ইসলাম মাষ্টার ও ব্রাইট।

উক্ত খেলার যে দল দুইটি অংশ নেয় এরা হলেন রাফাত স্পোটিং বনাম মনোরঞ্জন স্পোটিং ক্লাব। শুরুতেই রাফাত স্পোটিং সব কয়টি উইকেট হারিয়ে ১০৬ রান করেন। দ্বিতীয় রাউন্ডের খেলায় মনোরঞ্জন স্পোটিং ক্লাব ৮১ রান করে অল আউট হয়ে যায়। ফলে রাফাত স্পোটিং ২৫ রানে বিজয়ী হয়।

সকল অনুষ্ঠান পরিচালনা করেন,শাওন, সাজু, রকি, উজ্জল, আলামিন. সাঈদ, সংগ্রাম, শরীফ ও রিদয় প্রমুখ।

মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট অংশগ্রহণের লক্ষে প্রস্তুতি সভা

আগামী ২২ নভেম্বর শুরু হচ্ছে মেহেরপুর পৌর গোল্ড কাপ ক্রিকেট টুর্নামেন্ট। মেহেরপুর পৌরসভার ৯ টি ওয়ার্ড ভিত্তিক টিম নিয়ে এ টুর্নামেন্টটি অনুষ্ঠিত হবে।

গত বছরে অনুষ্ঠিত টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয়েছিল ৭ নম্বর ওয়ার্ড। এবারেও সেই ফলাফলের ধারাবাহিকতা ধরে রাখার জন্য ওয়ার্ডের

ক্রীড়ামোদীরা প্রস্তুতি সভা করেছেন।

আজ শুক্রবার (০৮ নভেম্বর) সন্ধ্যা সাড়ে ছয়টায় মেহেরপুর মল্লিকপাড়া চত্বরে খেলোয়াড়, কর্মকর্তা ও সমর্থকদের একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্মতভাবে টুর্নামেন্টে অংশগ্রহণসহ দলকে জেতানোর জন্য আন্তরিকভাবে সকল ধরনের সহযোগিতা করার অঙ্গীকার ব্যাক্ত করেন। একই সাথে ০৭ নম্বর ওয়ার্ডবাসীর সার্বিক সমর্থন ও সহযোগিতা কামনা করেন।

সভায় উপস্থিত ছিলেন – মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা মাহাবুব চান্দু, মুজিবনগর উপজেলা সমবায় কর্মকর্তা মাহবুবুল হক মন্টু, মামুন চপল, আবু তালেব, ঠিকাদার জাকির হোসেন খান মিন্টু, ৭ নম্বর ওয়ার্ড কাউন্সিলর নুরুল আশরাফ রাজিব, ব্যবসায়ী মেহেদী হাসান রোলেক্স, ফিরোজ হোসেন, আলমগীর হোসেন, খালেছুর রহমান, বাবলু, পথিক, মিলন, জিকো, রাজ, শিবলি, সাওন, জিকো প্রমুখ।

দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত

দামুড়হুদা চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে। আজ শুক্রবার (০৮ নভেম্বর) বিকাল ৪ টার সময় চন্দ্রবাস মাঠে এই খেলা অনুষ্ঠিত হয়।

বিএনপি নেতা নূর ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক মেম্বার আবুল কাশেম। খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের পক্ষে মাঠে উপস্থিত থেকে খেলা উপভোগ করেন সাবেক মেম্বার ও বিএনপি নেতা ইকরামুল হোসেন।

টুর্নামেন্টের ফাইনাল খেলায় যে দুটি দল অংশগ্রহণ করেন তারা হলো, দামুড়হুদা স্পোর্টিং ক্লাব বনাম কুতুবপুর ফুটবল একাদশ। খেলায় উভয় দল একটি একটি করে গোল করে খেলা ড্র হয় এবং ট্রাইবেকার

পর্যন্ত পৌঁছায়। ট্রাইবেকারে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব পাঁচটি গোল করে এবং কুতুবপুর ফুটবল একাদশ চারটি গোল করে, ফলে দামুড়হুদা স্পোর্টিং ক্লাব টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হয় এবং কুতুবপুর ফুটবল একাদশ রানার্সআপ হয়। টুর্নামেন্টের ম্যানঅব দা সিরিজ হয় দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের মোঃ ইমরান হোসেন এবং ম্যানঅব দা ম্যাচ হয় গোলকিপার মোঃ আনারুল ইসলাম।

খেলায় রেফারির দায়িত্ব পালন করেন, জাকির হোসেন এবং সহকারী রেফারির দায়িত্ব পালন করেন হুমায়ুন আহমেদও রজব আলী।

টুর্নামেন্ট শেষে দামুড়হুদা স্পোর্টিং ক্লাবের কোচ ম্যানেজার শহীদ আজম সুদু বলেন, এ বিজয় শুধু আমাদের ক্লাবের বিজয় নয় এ বিজয় আমাদের সকলের। নিয়মিত খেলাধুলার আয়োজন করলে ছেলেরা সব মাঠে থাকবে, পড়াশোনা নিয়ে ব্যস্ত থাকবে ফলে মাদক থেকে দূরে থাকবে। চন্দ্রবাস ভৈরবপাড়া স্মৃতি ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলায় দামুড়হুদা স্পোর্টিং ক্লাব চ্যাম্পিয়ন হয়। আজকের বিজয়ে চুয়াডাঙ্গা জেলা ফুটবল অ্যাসোসিয়েশনের সভাপতি ও দামুড়হুদা স্পোটিং ক্লাবের সভাপতি ইখলাস উদ্দিন সুজন খেলায় অংশগ্রহণকারী সকলকে, ক্লাবের সকল কর্মকর্তা ও পৃষ্ঠপোষক সবাইকে ধন্যবাদ ও অভিনন্দন জানান।

খেলা শেষে অতিথিদের হাত থেকে বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয় এবং চ্যাম্পিয়ন দলকে চ্যাম্পিয়ন ট্রফি প্রদান করা হয়।